

বড়ু চণ্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্তন

চর্যাপদ যেমন প্রাচীনযুগের প্রথম ও একমাত্র সাহিত্যিক নির্দশন, তেমনি মধ্যযুগের প্রথম সাহিত্যিক নির্দশন হ'ল বড়ু চণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন'। মধ্যযুগের বাংলা ভাষার আদি নির্দশন হিসেবে এই গ্রন্থের একটি ঐতিহাসিক মর্যাদা সর্বজন স্বীকৃত। ষোড়শ শতাব্দীতে বা তার আগে বৈষ্ণব সাহিত্যের যে প্রসার তার প্রথম অঙ্কুর এই 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে।

পুঁথি আবিষ্কার ও প্রকাশ: প্রাচীন বাংলা সাহিত্যের জহুরী বসন্ত রঞ্জন রায় বিদবদবলভ মহাশয় শ্রীকৃষ্ণকীর্তনের পুঁথি আবিষ্কার করেন ১৯০৯ খ্রিস্টাব্দে বাঁকুড়া জেলার বিষ্ণুপুরের কাছাকাছি কাঁকিল্যা গ্রামনিবাসী শ্রীনিবাস আচার্যের দৌহিত্র বংশধর দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায়ের গোয়াল ঘরের মাচা থেকে। পরে ১৯১৬ খ্রিস্টাব্দে গ্রন্থাকারে পুঁথিটি প্রকাশ করেন। তিনি গ্রন্থের নাম দেন 'শ্রীকৃষ্ণকীর্তন'।

রচনাকাল: শ্রীকৃষ্ণকীর্তনের নামকরণ নিয়ে যেমন মতভেদ রয়েছে, তেমনি রচনাকাল নিয়েও পণ্ডিতেরা ঐক্যমতে আসতে পারেন নি। কারণ শ্রীকৃষ্ণকীর্তনের প্রাপ্ত পুঁথিটি খণ্ডিত। তবে, শ্রীকৃষ্ণকীর্তনের লিপি পরীক্ষার পর পণ্ডিতেরা এই সিদ্ধান্তে উপনীত হন যে, পঞ্চদশ শতাব্দীর শেষে বা তার নিকটবর্তী সময়ে পুঁথিটি অনুলিখিত হয়ে থাকবে।

কাব্য কাহিনী: রাধাকৃষ্ণের প্রেমলীলা শ্রীকৃষ্ণকীর্তনের প্রধান উপজীব্য। কৃষ্ণের জন্ম থেকে আরম্ভ করে মথুরা গমন ও রাধার বিলাপ-এই পর্যন্ত কাহিনীর ধারা বিস্তৃত, তারপর পুঁথিটি খণ্ডিত। কাব্যটি ১৩টি খণ্ডে বিভক্ত। খণ্ডগুলি হলো- জন্ম খণ্ড, তামবুল খণ্ড, দান খণ্ড, নৌকা খণ্ড, ভার খণ্ড, ছত্র খণ্ড, বন্দাবন খণ্ড, কালিয়দমন খণ্ড, যমুনা খণ্ড, হার খণ্ড, বাণ খণ্ড, বংশী খণ্ড ও রাধাবিরহ। শেষ খণ্ডে যেহেতু খণ্ড নাম যুক্ত হয়নি, সেহেতু এই রাধাবিরহ অংশকে অনেকে প্রক্ষিপ্ত মনে করেন। কারণ অন্যান্য খণ্ডের থেকে শেষ খণ্ডের বর্ণনা ও রচনারীতি এবং রসের ধারা পৃথক।

কাব্যমূল্য: 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে বাঙালির ভাবচেতনা ও জীবনরসবোধ তৎকালীন সমাজজীবনের খণ্ড খণ্ড উপস্থাপনায় স্পষ্ট হয়ে উঠেছে।

লোকায়ত সংস্কৃতি, সংস্কার, বিভিন্ন সমাজবিন্যাস সূত্রে গঠিত জাতি ও দেশের পরিচয়, ব্যবহারিক জীবনচর্যার দৈনন্দিন দিক, বিভিন্ন প্রসাধন ও অলঙ্কারের পরিচয় এমনকি তৎকালীন জীবনধারা কোনকিছুই কবির দৃষ্টি এড়ায় নি।

সহায়ক গ্রন্থ: বাংলা সাহিত্যের ইতিবৃত্ত,

অসিতকুমার বন্দ্যোপাধ্যায়।

বাংলা সাহিত্যের ইতিহাস, দেবেশ কুমার আচার্য্য।